# ইউসুফ | Yusuf | يُوسُف

আয়াতঃ ১২ : ৯৮

## আরবি মূল আয়াত:

قَالَ سَوفَ اَستَغفِرُ لَكُم رَبِّى ؕ اِنَّهٗ هُوَ الغَفُورُ الرَّحِيمُ ﴿٩٨﴾

## অনুবাদসমূহ:

সে বলল, ‘অচিরেই আমি তোমাদের জন্য আমার রবের নিকট ক্ষমা চাইব, নিশ্চয় তিনি ক্ষমাশীল, পরম দয়ালু’। — আল-বায়ান

সে বলল, ‘শীঘ্রই আমি আমার রবেবর কাছে তোমাদের ক্ষমার জন্য প্রার্থনা জানাব, তিনি তো বড়ই ক্ষমাশীল, বড়ই দয়ালু।’ — তাইসিরুল

সে বললঃ আমি আমার রবের নিকট তোমাদের জন্য ক্ষমা প্রার্থনা করব, তিনিতো অতি ক্ষমাশীল, পরম দয়ালু। — মুজিবুর রহমান

He said, "I will ask forgiveness for you from my Lord. Indeed, it is He who is the Forgiving, the Merciful." — Sahih International

৯৮. তিনি বললেন, অচিরেই আমি আমার রবের কাছে তোমাদের জন্য ক্ষমা প্রার্থনা করব। নিশ্চয় তিনি অতি ক্ষমাশীল, পরম দয়ালু।

-

তাফসীরে জাকারিয়া

(৯৮) সে বলল, ‘আমি আমার প্রতিপালকের কাছে তোমাদের জন্য ক্ষমা প্রার্থনা করব,[1] তিনি অবশ্যই অতি ক্ষমাশীল, পরম দয়ালু।’

[1] সত্ত্বর ক্ষমা-প্রার্থনার দু’আ না করে ভবিষ্যতে দু’আ করার ওয়াদা করলেন। উদ্দেশ্য এই ছিল যে, রাতের শেষ প্রহরে যে সময়টি আল্লাহর ইবাদতের জন্য তাঁর প্রিয় বান্দাদের বিশেষ সময় সেই সময়ে আল্লাহর কাছে তোমাদের জন্য ক্ষমা-প্রার্থনার দু’আ করব। দ্বিতীয় কথা এই যে, ভায়েরা ইউসুফ (আঃ)-এর প্রতি অন্যায় করেছিলেন, সেহেতু তাঁর পরামর্শ নেওয়া জরুরী ছিল। তাই তিনি সত্ত্বর ক্ষমা-প্রার্থনার দু’আ না করে পরে করার ওয়াদা করলেন।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1694

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন